# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪

## বিষয়: বাংলা

## শ্রেণি : সপ্তম

**(ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম**

| ক্রমিক নম্বর | অধ্যায় | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ১ | প্রথম | প্রসঙ্গের মধ্যে থেকে যোগাযোগ করি | ১-১৩ |
| ২ | দ্বিতীয় | প্রমিত ভাষায় কথা বলি | ১৪-২৫ |
| ৩ | তৃতীয় | অর্থ বুঝে বাক্য লিখি | ২৬-৫৯ |
| ৪ | চতুর্থ | চারপাশের লেখার সাথে পরিচিত হই | ৬০-৭১ |
| ৫ | পঞ্চম | বুঝে পড়ি লিখতে শিখি | ৭২-৮৬, ৯৫-১০৩ |
| ৬ | ষষ্ঠ | সাহিত্য পড়ি লিখতে শিখি | ১১৭-১৩৫, ১৫৪-১৬২ |

**(খ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

## (গ) প্রশ্নের ধারা ও মানবণ্টন

### (i) সামষ্টিক মূল্যায়ন

অভীক্ষার ধরন: লিখিত ;  পূর্ণনম্বর : ১০০

| আইটেমের নাম (Item name) | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|
| নৈর্ব্যত্তিক প্রশ্ন (১৫টি এমসিকিউ ও ১০টি এক কথায় উত্তর) | ২৫ | ১×২৫=২৫ | ৩ ঘন্টা |
| সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন (Short question) (১০টি থেকে ১০টির উত্তর দিতে হবে) | ১০ | ২×১০ =২০ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) Essay type question (Without situational) (৫টি থেকে ৩টির উত্তর দিতে হবে।) | ৩ | ৫×৩ =১৫ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) (৭টি থেকে ৫টির উত্তর দিতে হবে।) Essay type question (situational) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | ৫ | ৮×৫ =৪০ | |
| মোট | | ১০০ | ৩ ঘন্টা |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

### (ii) শিখনকালীন মূল্যায়ন

| আইটেমের নাম (Iteam type) | নির্ধারিত নম্বর/ওয়েটেজ |
|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (Assignment/Practical work)-একটি করে নমুনা সহ | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন উপস্থাপন (inventory work, project proposal, report presentation) - একটি করে নমুনা সহ | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) - একটি করে নমুনা সহ | ১০ |
| মোট | ৩০ |

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে এই বিষয়ের প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবুহু ব্যবহার করা যাবে না।

২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষার নমুনা প্রশ্ন

সপ্তম শ্রেণি

বিষয়ঃ বাংলা

**নৈর্ব্যক্তিক অভীক্ষা+ রচনামূলক**

সময়- ৩ ঘণ্টা ; পূর্ণমান– ১০০

---

**নৈর্ব্যক্তিক অংশ**

**মান-২৫**

[বিশেষ দ্রষ্টব্যঃ বহুনির্বাচনি অভীক্ষার সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরটি খাতায় লেখো (১-১৫) এবং এক শব্দে/এক বাক্যে উত্তর লেখো (১৬-২৫)। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। 'পিরামিড' কী ধরনের লেখা?

ক. প্রায়োগিক　　খ. বিবরণমূলক

গ. তথ্যমূলক　　ঘ. বিশ্লেষণমূলক

২। আবুর মনে ভয় কেন?

ক. লুকিয়ে এসেছে বলে　　খ. মাছ ধরতে না পারার শঙ্কায়

গ. বৃষ্টির আসার কারণে　　ঘ. ঘুমিয়ে পড়ার শঙ্কায়

৩।

**সততা স্টোর**

এখানে সুলভ মূল্যে খাতা, কলম, পেন্সিলসহ যাবতীয় স্টেশনারী দ্রব্যাদি পাওয়া যায়।

যোগাযোগঃ

আমতলি, রাজশাহী।

–উপরের লেখাটি চারপাশের কোন বিষয়ের সাথে মিল রয়েছে?

ক. সাইনবোর্ড　　খ. ব্যানার

গ. লিফলেট　　ঘ. বিজ্ঞাপন

৪। কোনটি ক্রিয়াবাচক শব্দ

ক. পড়ানো　　খ. খাওয়া

গ. লিখা　　ঘ. করেছি

নিচের কবিতাংশটি পড়ে পরবর্তী প্রশ্ন দুটির উত্তর দাও।

'মেঘনা নদী দেব পাড়ি

কল-অলা এক নায়ে

আবার আমি যাবো আমার

পাড়াতলী গাঁয়ে।'

৫। উপরের কবিতাংশের ভাবটি নিচের কোন কবিতার ভাবের সাথে সাদৃশ্যপূর্ণ?

ক. ময়নামতীর চর	খ. মাঝি

গ. নোলক	ঘ. ছিন্ন-মুকুল

৬। উপরের কবিতাংশের ভাবের সাথে মিল রয়েছে যে চরণের–

ক. এরি উঁচু পারে নিত্য বিহানে লাঙল দিয়েছে চাষি

খ. আমার মায়ের গয়না ছাড়া ঘরকে যাবো না

গ. নতুন চরের পলি জমিটাতে কলাই বুনেছে যারা

ঘ. বড়ো হলে আমি হব খেয়াঘাটের মাঝি

৭। কোনটি অঘোষ ধ্বনির উদাহরণ?

ক. ত	খ. গ

গ. ধ	ঘ. ম

৮। কোনটি উপসর্গ সাধিত শব্দ?

ক. জ্ঞাত	খ. লেজুড়

গ. পাগলামি	ঘ. সম্মান

৯। নিচের কোনটি জটিল বাক্যের উদাহরণ?

ক. রফিক আজ ভাত খেয়ে স্কুলে গেল

খ. যত দান করবে, তত বেড়ে যাবে

গ. আজীবন এ ঋণ স্বীকার করব

ঘ. লোকটি গরীব কিন্তু ভালো মানুষ

১০। 'আমার মায়ের সোনার নোলক হারিয়ে গেল' - বলতে কবি কী বুঝিয়েছেন?

ক. হারানো ঐতিহ্য	খ. মায়ের গহনা

গ. প্রাকৃতিক সৌন্দর্য	ঘ. নৈসর্গিক পরিবেশ

১১। প্রাচীন বাঙালির কোন দিকে বেশ ঝোঁক ছিল?

ক. খাবারের	খ. সাজসজ্জার

গ. পোশাক-পরিচ্ছদের	ঘ. চাষাবাদের

১২। 'অজানা অচেনা লোকের উপহার সাধারণত আমরা গ্রহণ করি না।' - এ বাক্যে কয়টি উপসর্গযুক্ত শব্দ রয়েছে?

ক. দুই	খ. তিন

গ. চার	ঘ. পাঁচ

১৩। নিচের কোনটি তথ্যের উদাহরণ?

ক. সরু সাদা চাল　　খ. কলা পাতার খাবার

গ. আম-কাঁঠাল, তাল-নারকেল　　ঘ. ভাত বাঙালির বহুকালের প্রিয় খাদ্য

১৪। নিচের কোনটি সমাস সাধিত শব্দ?

ক. হাতঘড়ি　　খ. নিমরাজি

গ. অভিজাত　　ঘ. ভরপেট

১৫। নিচের কোনটি বিশেষ্য শব্দ?

ক. সততা　　খ. পঞ্চাশ

গ. সকাল　　ঘ. পর্যন্ত

১৬। 'নোলক' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

১৭। 'মানুষ ও প্রাণীর সহাবস্থান'- তোমার পাঠ্য কোন কবিতার মূলভাব বলা যায়?

১৮। উদাহরণ দেওয়ার আগে কোন যতিচিহ্ন বসে?

১৯। 'পিরামিড' রচনাটি লেখকের কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

২০। 'জলা' কী?

২১। 'চল, আমরাই খোঁজ করে দেখি।' - বাক্যটি কোন শ্রেণির?

২২। 'উপহার পাওয়ার ব্যাপারটি অবশ্যই সম্মানের। '- এ বাক্যে 'উপহার' শব্দটি কী যোগে গঠিত হয়েছে?

২৩। 'প্রাঙ্গণ' শব্দের সঠিক উচ্চারণ কোনটি?

২৪। কবিতায় ছোটো ছোটো অংশকে কী বলে?

২৫। নতুন চরের পলিমাটিতে কৃষকেরা কী বুনেছে?

**রচনামূলক অংশ**

**মান-৭৫**

[ ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন**

১। কবিতায় অনেক সময় শব্দের চেহারায় পরিবর্তন হয় কেন? ২

২। 'মাঝি' কবিতার কিশোর কেন খেয়াঘাটের মাঝি হতে চায়? ২

৩। 'বক পাখিগুলো গোচর পাখির হয়েছে অংশীদার'-বলতে কবি কী বুঝয়েছেন? ২

৪। 'ফুলের গন্ধ চাও যদি নাও, হাত পাতো হাত পাতো' - বলতে কবি কী বুঝিয়েছেন? ২

৫। 'ভালো কথা। বুদ্ধির কাজ করেছিস।' - বলতে লেখক কী বুঝিয়েছেন? ২

৬। 'ময়নামতীর চর' কবিতার চরের মানুষেরা কীভাবে জীবন-যাপন করে? ২

৭। প্রত্যয় ও উপসর্গের মধ্যে পার্থক্য কী? ২

৮। পিরামিড তৈরি করার কারণ কী? ২

৯। 'সেই পুরনো কাল আর নেই'- বলতে লেখক কী বুঝিয়েছেন? ২

১০। 'আমার মায়ের গয়না ছাড়া ঘরকে যাব না'- বলতে কবি কী বুঝিয়েছেন? ২

**রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)**

**যে কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও।**

১১ নিচের অনুচ্ছেদে প্রয়োজন অনুসারে যতিচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি খাতায় লেখো। ৫

এক সময়ে বাতাসের বেগ খানিকটা কমে আসে তখনও থেকে থেকে ভয়ানক শব্দে বাজ পড়ছে বাবা মা আমাকে শুকনো কাপড় বের করে দিলেন প্রতিবেশীদের জন্যও কাপড় কিছু শুকনো খাবার ও পানির ব্যবস্থা করে তাদেরকে মোটামুটি স্বাভাবিক করলেন।

১২। নিচের শব্দগুলো থেকে সমাস ও প্রত্যয় সাধিত শব্দগুলো শনাক্ত করে খাতায় লিখো। ৫

চলিষ্ণু, দরদালান, মধুমাখা, নীলিমা, প্রগতি, ঢাকাই, নিমরাজি, গ্রামীণ

১৩। যোজক কাকে বলে? পৃথক যোজক ব্যবহার করে ৪টি বাক্য তৈরি করো। ৫

১৪। মনে করো, তুমি সপ্তম শ্রেণির শিক্ষার্থী। তোমার শ্রেণিতে সাহিত্য বিষয়ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য একটি নোটিশ তৈরি করো। মনে রাখবে, নোটিশে যেন বিস্তারিত উল্লেখ থাকে। ৫

১৫। তোমার ছোটো ভাইকে বই পড়ার প্রতি গুরুত্বারোপ করে একটি পত্র লেখো। লেখার সময় চিঠির বিবেচ্য বিষয়গুলো খেয়াল রাখতে হবে। ৫

**রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)**

**যে কোনো ৫টি প্রশ্নের উত্তর দাও।**

১৬। নিচের কবিতাংশটি পড়ে নিম্নোক্ত প্রশ্নের উত্তর দাও।

'বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি।  
দেশে কত-না নগর রাজধানী–  
মানুষের কত কীর্তি, কত নদী-গিরি-সিন্ধু-মরু,  
কত-না অজানা জীব, কত-না অপরিচিত তরু  
রয়ে গেল অগোচরে। বিশাল বিশ্বের আয়োজন;  
মন মোর জুড়ে থাকে অতিক্ষুদ্র তারি এক কোণ।'

ক. উপরের কবিতাংশে 'মাঝি' কবিতার যে সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৪

খ. কবিতাংশের কথক ও 'মাঝি' কবিতার কিশোরের মতো তোমার জীবনের বা চারপাশের যে মিল রয়েছে তা ব্যাখ্যা করো। ৪

১৭। মনে করো, তোমার বিদ্যালয়ে শিক্ষার্থীদের আগ্রহ বা পছন্দ সম্পর্কে জরিপ চালানো হলো। সেই জরিপ থেকে পাওয়া উপাত্ত নিম্নরূপঃ

| আগ্রহ/পছন্দের বিষয় | আগ্রহী ছাত্র সংখ্যা | আগ্রহী ছাত্রী সংখ্যা | মোট ছাত্র-ছাত্রী সংখ্যা |
|---|---|---|---|
| বই পড়া | ৬০ | ৭২ | ১৩২ |
| ফুটবল খেলা | ৮৭ | ৩৫ | ১২২ |
| ক্রিকেট খেলা | ২৩০ | ১৬৯ | ৩৯৯ |
| শরীরচর্চা | ৫৫ | ১৮ | ৭৩ |
| গান শোনা | ২৮ | ৬২ | ৯০ |
| চলচ্চিত্র দেখা | ৭৪ | ৬৮ | ১৪২ |
| মোট অংশগ্রহণকারীর সংখ্যা | ৫৩৪ | ৪২৪ | ৯৫৮ |

ক. প্রদত্ত উপাত্তের ওপর ভিত্তি করে 'আমার পছন্দ' শিরোনামে একটি লেখা প্রস্তুত করো। ৪

খ. তুমি যে লেখাটি প্রস্তুত করেছো তার ধরন চিহ্নিত করে মতামত দাও। ৪

১৮। নিচের ছবিটি দেখো এবং নিম্নোক্ত প্রশ্নের উত্তর দাও।




ক. উপরের ছবি সম্পর্কে তোমার অনুভূতি প্রকাশ করে একটি লেখা প্রস্তুত করো। ৪

খ. তুমি যে লেখাটি প্রস্তুত করেছো সেটি কোন ধরনের লেখা? তোমার যৌক্তিক মত উপস্থাপন করো। ৪

১৯। নিচের কবিতাংশটি পড়ে নিম্নোক্ত প্রশ্নের উত্তর দাও।

'হঠাৎ আমি চমকে উঠি
হলদে পাখির ডাকে।
ইচ্ছে করে ছুটে বেড়াই
মেঘনা নদীর বাঁকে।
শত যুগের ঘন আঁধার
গাঁয়ে আজো আছে।
সেই আঁধারে মানুষগুলো
লড়াই করে বাঁচে।'

ক. উপরের কবিতাংশে কবিতার যে বৈশিষ্ট্য বিদ্যমান তা ব্যাখ্যা করো। ৪

খ. কবিতাংশের ভাবনার সাথে তোমার জীবনের বা চারপাশের যে মিল রয়েছে তা বিশ্লেষণ করো। ৪

২০। নিচের কবিতাংশটি পড়ে নিম্নোক্ত প্রশ্নের উত্তর দাও।

সারা বেলাই সেই এক খেলা
গড়বে নতুন একটি বাগান,
অনেক ফুল আর অনেক পাখি
সব পাখিদের আলাদা গান–
তার মাঝেই একটি সুরে
সবারই সুর যায় মিলিয়ে
এক দুনিয়া এক মানুষের
স্বপ্ন তারা যায় বিলিয়ে।

ক. কবিতাংশে 'ময়নামতির চর' কবিতার যে দিকের সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৪

খ. কবিতাংশের মূলভাব ও 'ময়নামতির চর' কবিতার মূলভাব সমার্থক কী? তোমার যৌক্তিক মত দাও। ৪

নমুনা উত্তর

সপ্তম শ্রেণি

বিষয়: বাংলা

উত্তরপত্র মূল্যায়নে বিবেচ্য বিষয়সমূহ:

- পরীক্ষার্থীর উত্তর নমুনা উত্তরের হুবুহু চাওয়া প্রত্যাশিত নয়। পরীক্ষার্থীর উত্তর এ নমুনা উত্তরের চেয়ে ভালো, সমমানের বা খারাপ হতে পারে।
- প্রদত্ত নমুনা উত্তরের কোন বিকল্প সঠিক উত্তরও থাকতে পারে। উত্তরপত্র মূল্যায়নকারীকে পরীক্ষার্থীর সঠিক বিকল্প উত্তর বিবেচনায় এনে নম্বর প্রদান করতে হবে।
- উত্তর লেখার ক্ষেত্রে পরীক্ষার্থীর শব্দ চয়ন, বাক্য গঠন ও উপস্থাপন কৌশল প্রদত্ত নমুনা উত্তর থেকে ভিন্ন হওয়াই স্বাভাবিক।
- পরীক্ষার্থী প্রত্যাশিত স্তর অনুযায়ী লিখতে পারলে ঐ স্তরের জন্য পূর্ণ নম্বর পাবে। সেজন্য ১/২(অর্ধেক) নম্বর দেওয়া যাবে না।

নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তর:

১। খ. বিবরণমূলক

২। খ. মাছ ধরতে না পারার শঙ্কায়

৩। গ. লিফলেট

৪। ঘ. করেছি

৫। খ. মাঝি

৬। ঘ. বড়ো হলে আমি হব খেয়াঘাটের মাঝি

৭। ক. ত

৮। ঘ. সম্মান

৯। খ. যত দান করবে, তত বেড়ে যাবে

১০। ক. হারানো ঐতিহ্য

১১। খ. সাজসজ্জার

১২। খ. তিন

১৩। ঘ. ভাত বাঙালির বহুকালের প্রিয় খাদ্য

১৪। ক. হাতঘড়ি

১৫। ক. সততা

১৬। পাখির কাছে ফুলের কাছে

১৭। ময়নামতির চর

১৮। কোলন

১৯। জলে ডাঙায়

২০। জলমগ্ন ভূমি

২১। অনুজ্ঞাবাচক

২২। উপসর্গ

২৩। প্রাঙ্গোন্

২৪। স্তবক

২৫। কলাই

নম্বর প্রদান নির্দেশিকা (Rubrics)

১৭ নম্বর প্রশ্নের (ক) অংশের নম্বর প্রদান নির্দেশিকা

| প্রশ্ন নম্বর | নম্বর | নম্বর প্রদান নির্দেশিকা |
|---|---|---|
| ১৭ (ক) | ৪ | • প্রদত্ত উপাত্তের ওপর ভিত্তি করে 'আমার পছন্দ' শিরোনাম লিখে একটি লেখা (উপাত্ত বিশ্লেষণ, যুক্তি, সৃজনশীলতা ) প্রস্তুত করতে পারলে<br>• উপযুক্ত শব্দচয়ন, যথার্থ বাক্যগঠন এবং বানানের বিশুদ্ধতা থাকলে |
| | ৩ | • প্রদত্ত উপাত্তের ওপর ভিত্তি করে 'আমার পছন্দ' শিরোনাম লিখে এর যে কোনো দুটি বিষয় নিয়ে (উপাত্ত বিশ্লেষণ, যুক্তি, সৃজনশীলতা ) লেখা প্রস্তুত করতে পারলে<br>• উপযুক্ত শব্দচয়ন, যথার্থ বাক্যগঠন এবং বানানের বিশুদ্ধতা থাকলে |
| | ২ | • প্রদত্ত উপাত্তের ওপর ভিত্তি করে 'আমার পছন্দ' শিরোনাম লিখে এর যে কোনো একটি বিষয় নিয়ে (উপাত্ত বিশ্লেষণ, যুক্তি, সৃজনশীলতা ) লেখা প্রস্তুত করতে পারলে<br>• মধ্যম মানের শব্দচয়ন এবং বাক্যগঠন করতে পারলে |
| | ১ | • প্রদত্ত উপাত্তের ওপর ভিত্তি করে 'আমার পছন্দ' শিরোনাম লিখে লেখা প্রস্তুত করতে পারলে |
| | ০ | • অপ্রাসঙ্গিক উত্তর লিখলে |

১৭ নম্বর প্রশ্নের (খ) অংশের নম্বর প্রদান নির্দেশিকা

| প্রশ্ন নম্বর | নম্বর | নম্বর প্রদান নির্দেশিকা |
|---|---|---|
| ১৭ (খ) | ৪ | • বিশ্লেষণমূলক রচনার বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে (তথ্য, উপাত্তের বিশ্লেষণ, যুক্তির প্রাধান্য, সৃজনশীলতা) তা ব্যাখ্যা করে যুক্তি উপস্থাপন করতে পারলে<br>• উপযুক্ত শব্দচয়ন, যথার্থ বাক্যগঠন এবং বানানের বিশুদ্ধতা থাকলে |
| | ৩ | • বিশ্লেষণমূলক রচনার বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে (তথ্য, উপাত্তের বিশ্লেষণ, যুক্তির প্রাধান্য, সৃজনশীলতা) এর যে কোনো একটি ব্যাখ্যা করে যুক্তি উপস্থাপন করতে পারলে<br>• উপযুক্ত শব্দচয়ন, যথার্থ বাক্যগঠন এবং বানানের বিশুদ্ধতা থাকলে |
| | ২ | • বিশ্লেষণমূলক রচনার বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করে যুক্তি উপস্থাপন করতে পারলে<br>• মধ্যম মানের শব্দচয়ন এবং বাক্যগঠন করতে পারলে |
| | ১ | • বিশ্লেষণমূলক রচনার বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে তা উল্লেখ করতে পারলে |
| | ০ | • অপ্রাসঙ্গিক উত্তর লিখলে |